JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/20/2018 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

উন্নত অভিবাসী আইনি সেবা প্রদান কুওমো লিবার্টি ডিফেন্স প্রকল্পের (LIBERTY DEFENSE PROJECT, LDP) সম্প্রসারণ ঘোষণা করলেন

ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (Immigration and Customs Enforcement, ICE) অভিযান ও গ্রেফতার এর লক্ষ্যবস্তু হয়ে ওঠা অভিবাসীদের দ্রুত জরুরি আইনি সেবা প্রদান করার জন্য র‍্যাপিড রেসপন্স প্রোগ্রাম (Rapid Response Program) পুরো স্টেটে অ্যাটর্নিদের একটি নেটওয়ার্ক তৈরি করবে

SOMOS কমিউনিটি কেয়ার (SOMOS Community Care), চিলড্রেনস ভিলেজ (Children's Village) ও কমিউনিটি-ভিত্তিক প্রতিষ্ঠানসমূহের সাথে অংশীদারিত্ব করে গোল্ডেন ডোর প্রকল্পটি (Project Golden Door) অভিবাসী পরিবার ও শিশুদের বিস্তৃত স্বাস্থ্য সেবা, সামাজিক সেবা, আইনি সেবা এবং অন্যান্য সেবা প্রদান করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ দেশের প্রথম লিবার্টি ডিফেন্স প্রকল্পটি সম্প্রসারিত করলেন যাতে ICE এবং ফেডারেল সরকারের অভিবাসী-বিরোধী পলিসির শিকার অভিবাসীরা আরো উন্নত আইনি সেবা পেতে পারে। এই উন্নয়ন বর্তমানে বর্তমান LDP অংশীদারদের প্রদত্ত সেবা নেটওয়ার্কের উপর নির্মিত হবে এবং পুরো স্টেটে, বিশেষ করে বঞ্চিত কমিউনিটিগুলিতে অভিবাসীদের জন্য আরও একনিয়মানুসারী আইনি কভারেজ তৈরি করবে। উন্নীত LDP সেবাগুলির মধ্যে থাকবে গোল্ডেন ডোর প্রকল্প, যা নিউ ইয়র্কে অভিবাসী শিশু ও পরিবারের জন্য গুরুত্বপূর্ণ সেবা প্রদান করবে, এবং একটি আঞ্চলিক র‍্যাপিড রেসপন্স প্রোগ্রাম যা ICE এর নির্দিষ্ট লক্ষ্যে করা অভিযান ও বিধিবহির্ভূত গ্রেফতারের প্রতিক্রিয়াসহ বিভিন্ন ধরনের দ্রুত কার্যকর আইনি সেবা ঘটনাস্থলেই প্রদান করবে।

"আমেরিকান স্বপ্ন সন্ধানী অভিবাসী পরিবারদের বিরুদ্ধে যখন ফেডারেল সরকার যুদ্ধ ঘোষণা করছে, নিউ ইয়র্ক তখন সব পটভূমির মানুষদের রক্ষা করে আমাদের বৈচিত্র্যকে বরণ করে নেওয়ার জন্য আমাদের যে প্রতিশ্রুতি তা রক্ষা করে চলেছে", **গভর্নর কুওমো বলেছেন।** "সম্প্রসারিত এই সেবাগুলি ICE এর অন্যায্য লক্ষ্যবস্তু হয়ে ওঠা অভিবাসীদের তাদের প্রয়োজনীয় আইনি সহায়তা প্রদান করবে এবং ফেডারেল সরকার দ্বারা অগ্রাহ্য হওয়া নথিভুক্ত নয় এমন শিশু ও পরিবারদের জন্য স্বাস্থ্যসেবা প্রদান করবে।"

"ফেডারেল সরকার যদিও অভিবাসীদের অধিকারকে হুমকির মুখে ফেলে দিয়েছে, নিউ ইয়র্ক আমাদের স্টেটের অভিবাসী শিশু ও পরিবারগুলিকে নিশ্চিতভাবে সুরক্ষা ও সেবা প্রদানের জন্য অঙ্গীকারবদ্ধ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "লিবার্টি ডিফেন্স প্রকল্পের সম্প্রসারণের ফলে অভিবাসীরা আইনি সেবা পাবে এবং তাদের জন্য যথার্থ প্রতিনিধিত্ব নিশ্চিত হবে। যে বৈচিত্র্য ও সমৃদ্ধ সংস্কৃতি আমাদেরকে এম্পায়ার স্টেট (Empire State) বানায় তা নিয়ে নিউ ইয়র্ক গর্বিত।"

গোল্ডেন ডোর প্রকল্প
স্ট্যাচু অফ লিবার্টিতে (Statue of Liberty) খোদাই করা আইকনিক লেখার অনুসারে গোল্ডেন ডোর প্রকল্পের নামকরণ করা হয়, প্রকল্পটি নিউ ইয়র্কের 12টি স্থানে সুবিস্তৃত পারিবারিক সহায়তা সেবা প্রদান করবে, স্থানীয় সামাজিক সেবা সংস্থার গুরুত্বপূর্ণ কাজ, লাতিনো সম্প্রদায়-ভিত্তিক চিকিৎসকদের দক্ষতা ও সাংস্কৃতিক কার্যকারিতা এবং নিউ ইয়র্কের বিভিন্ন ফার্মের বিনামূল্যে সেবা দানকারী অ্যাটর্নি ও অভিবাসন বিশেষজ্ঞদের দক্ষতার সমন্বয় করবে।

নিউ ইয়র্কে 16 বছরের কম বয়সী 53,000 নথিভুক্ত নয় এমন অভিবাসী রয়েছে, অনেকেই 2014 এর পরে কেন্দ্রীয় আমেরিকা থেকে দক্ষিণ সীমান্তে এসেছে। এদের মধ্যে অনেক শিশুই পরবর্তীতে পরিবার নেটওয়ার্কে বা স্টেটের স্পনসরদের সাথে পুনর্বাসিত হয়েছে, বিশেষ করে নিউ ইয়র্ক শহর, ওয়েস্টচেষ্টার এবং লং আইল্যান্ডে। এইসব কমবয়সী অভিবাসী ও তাদের পরিবার স্কুল ও অন্যান্য পাবলিক সেবা থেকে বর্জিত হয় এবং ভাষার অন্তরায় বা অশিক্ষার কারণে সামাজিক ও অর্থনৈতিক বিচ্ছিন্নতার সম্মুখীন হয়। ট্রাম্প প্রশাসনের পরিবার পৃথকীকরণ পলিসির কারণে নিউ ইয়র্কে আরো বেশি সংখ্যক শিশু পরিবার বা স্পনসরদের দ্বারা ত্যাজ্য হয়েছে। পরিবার বিচ্ছিন্ন করতে ফেডারেল প্রশাসন যা যা করছে তার থেকে সৃষ্টি মানসিক আঘাতের সমাধান করার জন্য পরিবার ও স্পনসরদের উল্লেখযোগ্য সমর্থন দরকার।

নিউ ইয়র্কে অভিবাসী হয়ে আসা অল্প বয়সীদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা প্রদানের জন্য গোল্ডেন ডোর প্রকল্প SOMOS কমিউনিটি কেয়ারের সাথে অংশীদারিত্ব করবে, যারা হল নিউ ইয়র্কে 2,500 জনেরও বেশি কমিউনিটি-ভিত্তিক চিকিৎসকের একটি অলাভজনক নেটওয়ার্ক। SOMOS এর সমন্বিত পদ্ধতি নিশ্চিত করে যাতে নথিভুক্ত নয়, একা, এবং/অথবা বিচ্ছিন্ন শিশু ও তাদের খেয়াল রাখছে যেই পরিবারগুলি তারা যেন প্রয়োজনীয় স্বাস্থ্যসেবা লাভ করে।

বিশেষ করে, SOMOS নেটওয়ার্ক প্রদানকারীদের রয়েছে শিশু ও তাদের খেয়াল রাখছে যারা তাদের প্রয়োজন মেটানোর জন্য স্বাস্থ্যসেবা পেশাদার ও প্রয়োজনীয় উপাদানের পূর্ণ বিস্তার, এদের মধ্যে আছে প্রাথমিক সেবা প্রদানকারী চিকিৎসক, বিশেষজ্ঞ, সামাজিক কর্মী, নার্স, হাসপাতাল, ল্যাবরেটরি, ফার্মেসি ও এক্সরে সুবিধা ও অন্যান্য। SOMOS শারীরিক ও আচরণগত স্বাস্থ্য প্রয়োজন নির্ণয় করার জন্য স্ক্রিনিং পরীক্ষাসহ স্বাস্থ্যসেবার জন্য ইন্টারভেনশন প্রদান করবে। আচরণগত স্বাস্থ্য প্রয়োজনেই উপর বিশেষ মনোযোগ দেওয়া হবে, বিশেষ করে আঘাত সংক্রান্ত লক্ষণ/পরিণামের ব্যাপারে। শিশুদের প্রয়োজনমত প্রাসঙ্গিক বিশেষজ্ঞের কাছে সুপারিশ করা হবে, এবং প্রয়োজন হলে রোগীকে সাথে করে নিয়ে যাওয়ার জন্য কমিউনিটি স্বাস্থ্যকর্মী নিয়োগ দেওয়া হবে।

সর্বোপরি, গোল্ডেন ডোর প্রকল্প একটি উদ্ভাবনী সেবা প্রদান মডেলের মাধ্যমে প্রভাবিত শিশু ও পরিবারদের নিউ ইয়র্কে তাদের সম্ভাবনার পূর্ণমাত্রায় পৌঁছাতে সাহায্য করবে, সেবা মডেলটিতে থাকবেঃ

- সামাজিক কর্মীদের সাথে একক কাউন্সেলিং সেশন।
- একা এবং/অথবা নথিভুক্ত নয় এমন অভিবাসী শিশুদের খেয়াল রাখছে এমন পরিবারের জন্য পুরো স্টেটে সামাজিক কর্মী দ্বারা পরিচালিত দোভাষী সমর্থন গ্রুপ থাকবে যাদের কেন্দ্রীয় মনোযোগ থাকবে বাস্তব দক্ষতা ও পরিবারগুলির দৈনন্দিন জীবন উন্নত করার জন্য লভ্য স্থানীয় ও স্টেট প্রদত্ত সুবিধার ব্যাপারে তাদের নির্দেশনা প্রদান করা।

- শিক্ষা অধিকার এবং পাবলিক স্কুল সিস্টেমের নিয়ম সংক্রান্ত সহায়তা যেখানে বয়স ও আবাসন আবশ্যকতা পূরণ করতে পারলে নথিভুক্ত নয় এমন শিশুরও পড়ার অধিকার রয়েছে, পাশাপাশি শিক্ষা ও খাদ্য প্রোগ্রামের সাথে যুক্ত করে দেওয়া।
- ভাষা সেবা প্রদান, স্থানীয় আইনের ব্যাপারে তথ্য এবং মানব পাচার সংক্রান্ত শিক্ষার জন্য মানব পাচার টাস্কফোর্স (Human Trafficking Taskforce) ও নিউ ইয়র্ক স্টেট পুলিশের (New York State Police) সাথে অংশীদারিত্ব করা।
- LDP এর মাধ্যমে শিশু ও পরিবারদের জন্য বিনামূল্যে অভিবাসন অ্যাটর্নির ব্যবস্থা করা।
- বাড়ির ভেতর শিশুদের প্রয়োজন মেটানো যেমন চিকিৎসাগত ও মানসিক স্বাস্থ্য ইন্টারভেনশন প্রদান এবং অনুবাদ সহায়তা।
- আঘাত-সংক্রান্ত যত্ন এবং কীভাবে স্বাস্থ্য সেবা সিস্টেমের সাহায্য পাওয়া যাবে সেই ব্যাপারে জ্ঞান।

LDP র‍্যাপিড রেসপন্স

অপ্রত্যাশিত ICE বল প্রয়োগকারী পদক্ষেপ, স্টেটজুড়ে নির্দিষ্ট অভিযান ও স্যুইপ এর প্রত্যুত্তর আরো ভালোভাবে দিতে, LDP এর র‍্যাপিড রেসপন্স প্রোগ্রাম যা করবেঃ

স্টেটের দশটি রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিল (Regional Economic Development Council, REDC) অঞ্চলের প্রতিটিতে স্টেটজুড়ে ICE এর বর্ধিত অভিযান/গ্রেফতারের উত্তরে তাৎক্ষণিক আইনি সহায়তা প্রদানের জন্য নিবেদিত LDP অ্যাটর্নির ব্যবস্থা করা হবে। বেশি-প্রয়োজন/বেশি-প্রভাবিত হিসেবে চিহ্নিত এলাকাগুলিতে অন্তত দুইজন নিবেদিত অ্যাটর্নি থাকবেঃ

- ফিঙ্গার লেকস ও পশ্চিম নিউ ইয়র্ক ঐসব অঞ্চলে ব্যাপক সংখ্যক অভিবাসী গ্রেফতার ও আটক এর প্রতিক্রিয়া জানাবে।
- স্থানীয় ফার্মে অভিযানের সংখ্যা বৃদ্ধির জন্য কেন্দ্রীয় নিউ ইয়র্কে এবং মোহক ভ্যালিতে।
- ICE বল প্রয়োগকারী পদক্ষেপ ও গ্রেফতার বৃদ্ধির কারণে হাডসন ভ্যালি ও লং আইল্যান্ডে।
- রাজধানী অঞ্চল সেখানে অভিবাসন অ্যাটর্নির সংখ্যা বৃদ্ধি করবে এবং সেখানে স্থানান্তরিত হওয়া আটককৃত আশ্রয় সন্ধানীদের সংখ্যা বৃদ্ধির প্রতিক্রিয়া জানাবে।

পৃথক হওয়া/একা শিশু ও তাদের পরিবারের জন্য আইনি সমর্থন ও সরাসরি প্রতিনিধিত্বের ব্যবস্থা করবে।

ফার্ম, গ্রামীণ এলাকার মতো যাওয়া-কষ্ট এমন এলাকায় আপনার-অধিকার-জানুন কর্মশালা/প্রশিক্ষণ অব্যাহত রাখা, যেখানে বিভিন্ন ভাষায় শেখানো হবেঃ

- ICE এর মুখোমুখি হলে কী করবেন
- কীভাবে একটি পরিবার প্রস্তুতি পরিকল্পনা তৈরি করতে হয়
- কীভাবে একটি আর্থিক পরিকল্পনা করতে হয়
- কীভাবে দূতাবাসের সাথে যোগাযোগ করতে হয়
- আপনাকে বা পরিবারের কোনো সদস্যকে আটক করা হলে কী করতে হবে

অপসারণ প্রক্রিয়ার মধ্যে দিয়ে যাচ্ছে বা নির্বাসিত হয়েছে এমন পরিবারের জন্য অতিরিক্ত আইনি নয় এমন সমর্থন সেবা প্রদান করা।

LDP সম্প্রসারণ স্টেটজুড়ে অভিবাসীদের অতিরিক্ত সেবা প্রদানের জন্য সদ্য ঘোষিত [অফিস ফর দ্য নিউ আমেরিকানস (Office for New Americans, ONA)] এর বিবর্তনের সম্পূরক।

আজ পর্যন্ত, LDP অভিবাসী ও কমিউনিটির প্রয়োজনের সময় 25,000 এরও বেশি অত্যাবশ্যক আইনি সেবা প্রদান করেছে - বিশেষ করে তাদেরকে যারা ফেডারেল অভিবাসন বল প্রয়োগকারী কৌশলের লক্ষ্যবস্তু হয়ে উঠেছে, এর মধ্যে ডেফার্ড অ্যাকশন ফর আর্লি চাইল্ডহুড অ্যারাইভালস (Deferred Action for Early Childhood Arrivals, DACA) বা টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস (Temporary Protected Status, TPS) অন্তর্গত। সরকারি-বেসরকারি এই অংশীদারিত্বটির প্রশাসনিক দায়িত্বে আছে অফিস ফর নিউ আমেরিকানস এবং এটি পুরো স্টেটের বিভিন্ন আইন ফার্ম, আইনি সহায়ক, অ্যাডভোকেসি প্রতিষ্ঠান, কলেজ, বিশ্ববিদ্যালয় ও বার অ্যাসোসিয়েশনের অংশীদারিত্বে পরিচালিত হচ্ছে। LDP প্রদান করবেঃ

- নিউ ইয়র্ক স্টেটজুড়ে অভিবাসীদের জন্য বিনামূল্যে আইনি পরামর্শ ও স্ক্রিনিং।
- ডিপোর্টেশন প্রক্রিয়ায় এবং অন্যান্য মামলায় সরাসরি অভিবাসীদের প্রতিনিধিত্ব করা।
- অন্যান্য অভিবাসন সংক্রান্ত আইনি সেবা, বিশেষ করে জটিল ব্যাপারে সহায়তা করা।
- অভিবাসী এবং কমিউনিটির জন্য আপনার অধিকার জানুন (Know Your Rights) প্রশিক্ষণ।

নিউ ইয়র্ক-ভিত্তিক আটককৃত অভিবাসী যারা LDP-এর অধীনে নির্বাসন প্রতিরক্ষা প্রতিনিধিত্ব পেয়েছে তাদের এক চতুর্থাংশ ছাড়া পেয়েছে এবং তাদের কমিউনিটিতে তাদের পরিবারের সাথে পুনরায় মিলিত হতে পেরেছে, যেখানে তারা দীর্ঘমেয়াদি ত্রাণের আশায় তাদের মামলার প্রস্তুতির জন্য আইনি সহায়তা খোঁজার জন্য আরও ভাল অবস্থানে রয়েছে।

যদি কোনো অভিবাসীর বিনামূল্যে আইনি সহায়তা প্রয়োজন হয় তাহলে তাদের নতুন আমেরিকানদের হটলাইন 1-800-566-7636 এ ফোন করতে বলা হচ্ছে। ফোনকলের সব তথ্য গোপনীয়। 200 টির বেশি ভাষায় সাহায্য পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেট সেক্রেটারি অফ স্টেট রোসানা রোসাডো বলেছেন, "আমাদের স্টেট ও আমাদের জাতি এর সাফল্যের পেছনে আমাদের অভিবাসী ঐতিহ্যের অবদান রয়েছে। অভিবাসীদের উপর ফেডারেল সরকারের আক্রমণের ফলে হাজার হাজার পরিবার বিচ্ছিন্ন হয়ে গেছে এবং তাদের বলার মতো প্রায় কিছুই নেই। গোল্ডেন ডোর প্রকল্প এবং লিবার্টি ডিফেন্স প্রকল্পের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেট আমেরিকান স্বপ্নের সন্ধানী মানুষদের প্রয়োজনীয় সেবা ও আইনি সহায়তা প্রদান করে যাবে।"

SOMOS কমিউনিটি কেয়ার এর বোর্ড চেয়ারম্যান ড. রামোন তালাজ বলেন, "নিউ ইয়র্ক এবং গোটা দেশে পরিবার পুনর্মিলন এবং অভিবাসী কমিউনিটির অভিভাবক হিসেবে গভর্নর কুওমো একজন জাতীয় নেতা। নিউ ইয়র্কবাসী হিসেবে, প্রচণ্ড প্রতিকূল পরিস্থিতির ভুক্তভোগী যেই শিশুরা আমাদের কমিউনিটিতে নতুনভাবে বাস করা শুরু করেছে তাদের যত ভালোভাবে সম্ভব দেখেশুনে রাখা আমাদের দায়িত্ব। তাদের অভিবাসন অবস্থা যাই হোক না কেন, প্রয়োজন আছে এমন প্রত্যেক শিশুর জন্য সংস্কৃতিগতভাবে উপযুক্ত প্রাথমিক ও বিশেষ সেবা প্রদান করতে পেরে SOMOS কমিউনিটি কেয়ার সম্মানিত বোধ করছে। আমাদের কমিউনিটিতে দৃশ্যমান ও অদৃশ্য সঙ্কট রয়েছে। আমরা উভয়ের জন্যই গভর্নরের অংশীদার হতে প্রস্তুত।"

চিলড্রেনস ভিলেজের প্রেসিডেন্ট ও সিইও ড. জেরেমি কহোমব্যান বলেন, "সদ্য আগত অভিবাসী শিশু ওর তাদের পরিবারদের সাহায্য করার জন্য চিলড্রেনস ভিলেজ, CARECEN এবং নেইবার্স লিঙ্ক এর মিলিত উদ্যোগে নেওয়া একটি পাইলট প্রোগ্রামের উপর গভর্নর কুওমোর গোল্ডেন ডোর প্রকল্পটি নির্মিত। এই প্রোগ্রাম অভিবাসীদের জীবনে সত্যিকারের পরিবর্তন নিয়ে আসবে। সাহায্য প্রয়োজন এমন অভিবাসীদের সাহায্য করতে আমাদের অলাভজনক অংশীদারসমূহ ও স্টেট সরকার উভয়ের সাথে কাজ অব্যাহত রাখার জন্য আমরা উন্মুখ।"

LDP ও গোল্ডেন ডোর প্রকল্প উভয় গভর্নর কুওমোর অফিস ফর নিউ আমেরিকানস এর অধীনে নেওয়া উদ্যোগ। পাঁচ বছর আগে প্রতিষ্ঠিত ONA দেশের প্রথম স্ট্যাচুটোরিলিভাবে তৈরি অভিবাসী সেবা অফিস। পুরো স্টেটে ONA এর সুযোগ কেন্দ্র রয়েছে যা বিভিন্ন কমিউনিটি ভিত্তিক প্রতিষ্ঠানের মাধ্যমে পরিচালিত হয় এবং নিউ ইয়র্কের নতুন আমেরিকান কমিউনিটিসমূহের জন্য অনেক ধরনের সেবা ও সমর্থন প্রদান করে। এই সাইটগুলি হল অভিবাসীদের আপন করে নেওয়ার জন্য এবং তাদের স্টেটে প্রয়োজনীয় সবকিছু প্রদানের জন্য কমিউনিটির কেন্দ্রবিন্দু।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন